

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫ ১৮৪

মোহনপুর, ১৩ মার্চ, ২০২৪

বেটি বাঁচাও, বেটি পড়াও প্রকল্প

রাজ্যের বর্তমান সরকার মহিলাদের সার্বিক  
বিকাশের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে : কৃষিমন্ত্রী

রাজ্যের বর্তমান সরকার মহিলাদের সার্বিক বিকাশের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। চাকরিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণ করা ছাড়াও তাদের আর্থিক দিক দিয়ে স্বাবলম্বী করে তোলার জন্য নানা উদ্যোগ নিয়েছে। আজ মোহনপুর ব্লক অফিস প্রাঙ্গণে বেটি বাঁচাও, বেটি পড়াও প্রকল্পের অন্তর্গত কন্যা সন্তানের উৎসাহ ও তাদের সম্মাননা প্রদান উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকারও মহিলাদের ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন বিলিষ্ট উদ্যোগ নিয়েছে। রাজ্যের বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি অনুসরণ করে বিভিন্ন ক্ষেত্রে মহিলাদের সামনের সারিতে নিয়ে আসার জন্য নিরলসভাবে কাজ করছে। তিনি পুত্র সন্তানের মতো কন্যা সন্তানকেও সমান সুযোগ সুবিধা দিয়ে বড় করার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর আইসিডিএস প্রজেক্টের সিডিপিও দীপক চন্দ্র সরকার। সভাপতিত্ব করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শঙ্কর দেব, মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, মোহনপুরের বিডিও ধৃতিশেখর রায় প্রমুখ। অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উন্নীর্ণ কৃতী ছাত্রীদের সম্মাননা জ্ঞাপন করা হয়। প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনা এবং মুখ্যমন্ত্রী মাত্রপুষ্টি উপহার প্রকল্পে সুবিধাভোগীদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে কৃষি দপ্তর, মোহনপুর ব্লক এবং মোহনপুর পুরপরিষদের পক্ষ থেকে সুবিধাভোগীদের হাতে বিভিন্ন সামগ্রী বিতরণ করা হয়। কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ লেফুঙ্গা ব্লকে এগী ডেভেলপমেন্ট রিসার্চ কাম ট্রেনিং সেন্টার উইথ আইটি ফেসিলিটি এবং কৃষক বন্ধু কেন্দ্রেরও শিলান্যাস করেন।

\*\*\*\*\*